# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

www.ccc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**(প্রেস বিজ্ঞপ্তি)** **০৮ ফেব্রুয়ারি ২০২২**

চসিক মেয়রের সাথে সাক্ষাতে মেট্রোরেল সমীক্ষার প্রতিনিধিদল

## নগরীর সৌন্দর্য অক্ষুন্ন রেখে মেট্রোরেল সমীক্ষার প্রস্তাব

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে নগরীতে মেট্রোরেল সার্ভিস চালুর উদ্দেশে সমীক্ষা কার্যক্রম পরিচালনায় সওজ ও কোরিয়ান প্রতিষ্ঠান কোইকা'র সমন্বয়ে গঠিত একটি প্রতিনিধি দল আজ মঙ্গলবার দুপুরে টাইগারপাসস্থ অস্থায়ী নগর ভবনে তাঁর দপ্তরে সৌজন্য সাক্ষাত করতে আসেন। সাক্ষাতকালে মেয়র বলেন, চট্টগ্রাম নগরীতে মেট্রোরেল স্থাপন সময়ের দাবি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামের উন্নয়নে নানাধরণের প্রকল্প গ্রহণ করেছেন তার মধ্যে মেট্রোরেল চালু একটি যুগান্তকারী পদক্ষেপ। তিনি মেট্রোরেল চালু নগরীর সৌন্দর্য্য অক্ষুন্ন রেখে এবং ঘনবসতিপূর্ণ এলাকাগুলোকে চিহ্নিত করে সেখানে ভূগর্ভে রেললাইন স্থাপনে গুরুত্ব দিয়ে সমীক্ষা কাজ পরিচালনা করতে প্রতিনিধিদলকে আহ্বান জানান।

প্রতিনিধিদল মেয়রের আগ্রহের গুরুত্ব বিবেচনা করে মেট্রোরেল স্থাপনের সমীক্ষার কাজ পরিচালনা করবেন বলে তাকে কথা দেন এবং সমীক্ষার কাজে চসিকেরও সহযোগিতা কামনা করেন।

এসময় কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, তত্ত্বধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, আবু ছালেহ, কোইকা'র ডেপুটি কান্ট্রি ডাইরেক্টর খিম থে হিয়ন, জিং বো চুই, মো জেং কং, সওজ যুগ্ম-সচিব মো. আনিসুর রহমান, মো. মাহবুবর রহমান প্রমুখ।

চসিকের ই-রেভিনিউ সিস্টেম সফটওয়্যার উদ্বোধন মেয়রের

## হাতের মুঠোয় গৃহকর
## ট্রেড লাইসেন্স সেবা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সেবা প্রত্যাশী নগরবাসীর দুর্ভোগ ও ভোগান্তি কমাতে ম্যানুয়েল পদ্ধতি থেকে অনলাইনের আওতায় আসছে গৃহকর ও ট্রেড লাইসেন্সসেবা। ফি জমা দিয়ে ট্রেড লাইসেন্স গ্রহণ ও নবায়ন নগরবাসী ঘরে বসেই নিতে পারবেন। এতে কর্পোরেশনের কর ব্যবস্থাপনার কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।

আজ মঙ্গলবার বিকেলে আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবনে কে.বি আবদুচ সাত্তার মিলনায়তনে স্থানীয় সরকার বিভাগের আরবান পাবলিক এণ্ড এনভায়রনমেন্ট হেলথ সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট শীর্ষক প্রকল্পের আওতায় প্রণীত ই-রেভিনিউ সিস্টেম সফটওয়্যারের উদ্বোধনকালে তিনি একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পেরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম। বক্তব্য রাখেন প্যানেল মেয়র আবদুস সবুর লিটন, অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর অধ্যাপক মো. ইসমাইল, কাউন্সিলর গাজী মো. শফিউল আজিম, ওয়াসিম উদ্দিন চৌধুরী, কর্পোরেশনের সচিব খালেদ মাহমুদ, আইন কর্মকর্তা মো. জসিম উদ্দিন, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, রাজস্ব কর্মকর্তা সৈয়দ সামস্ তাবরীজ।

মেয়র মো. রেজাউল করিম চৌধুরী আরো বলেন, কর ব্যবস্থাপনা অটোমেশনের কার্যক্রমের আওতায় আসায় যে কেউ এখন বাড়িতে বসে পৌরকর পরিশোধ করতে এবং কর সংক্রান্ত সর্বশেষ তথ্য ঘরে বসেই জানতে পারবেন। অনলাইন ভিত্তিক হওয়ায় হোল্ডিংট্যাক্স নিয়ে কর আদায়কারীদের বিরুদ্ধে যে-সব অনিয়মের অভিযোগ আছে সেগুলোও দূরীভুত হবে। মেয়র গৃহকর বৃদ্ধিকরণ প্রসঙ্গে বলেন, কোন ধরণের কর বাড়ানো হবে না। শুধুমাত্র করের আওতা বাড়ানো হবে। অর্থাৎ যদি আগে ভবন ২তলা থাকে এখন তা ৩ বা তার অধিক হয় তাহলে সেই বর্ধিত অংশটুকুরই কর নেয়া হবে। তিনি নগরবাসীকে কর নিয়ে বিভ্রান্ত না হওয়ার জন্য আহ্বান জানান।

# এলইডি বাতি স্থাপন করে চট্টগ্রামকে স্মার্ট সিটিতে রূপান্তর করা হবে : মেয়র

রাতের বন্দর নগরী চট্টগ্রামকে আলোকিত ও নিরাপদ রাখতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় এলইডি বাতি স্থাপনের কাজ দ্রুত এগিয়ে চলছে। আজ মঙ্গলবার বিকেলে বহদ্দারহাট থেকে শাহ আমানত সেতু পর্যন্ত অত্যাধুনিক এলইডি বাতি স্থাপন কার্যক্রমের উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী।এতে প্রায় ৫ কি.মি সড়ক আলোকায়নের আওতায় আসছে। চসিক পানি ও বিদ্যুৎ স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর মোরশেদ আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র আবদুস সবুর লিটন, প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদুল আলম, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, ওয়াসম উদ্দিন চৌধুরী, সংরক্ষিত কাউন্সিলর আঞ্জুমান আরা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঝুলন কুমার দাশ, সুদীপ বসাক, নির্বাহী প্রকৌশলী বিপ্লব দাশ, রেজাউল বারি ভূঁইয়া, উপপ্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোর্শেদুল আলম চৌধুরী, সহকারী প্রকৌশলী তোহিদুল ইসলাম প্রমুখ।

উদ্বোধনকালে মো. রেজাউল করিম চৌধুরী বলেন, চসিক স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে নগরীতে মূলত পরিস্কার-পরিচ্ছন্নতা, আলোকায়ন ও রাস্তার অবকাঠামোগত উন্নয়ন কাজ করে থাকে। এই দায়িত্ব পালনের জন্যই নগরবাসী কর প্রদান করে। এই তিনটি খাতের সফলতার উপর নির্ভর করে চসিকের সক্ষমতা। তাই এই খাতগুলোকে বেশি অগ্রাধিকার দেয়া হয়ে থাকে। উল্লেখ্য ইতিমধ্যে ৩০টি সড়কের ৭৫কি.মি অংশজুড়ে এলইডি বাতি স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। বাকি সড়কগুলোতে এলইডি বাতি স্থাপন করার কাজ চলমান আছে। তিনি বলেন, নগরীর সড়ক আলোকায়ন একটি জনগুরুত্বপূর্ণ বিষয়। পর্যাপ্ত আলোকায়নের অভাবে রাতে সড়ক অন্ধকারাচ্ছন্ন থাকালে নগরবাসীর দুর্ভোগ, অপরাধ প্রবণতা ও দুর্ঘটনা বাড়ে। তাই এই বিষয়টিকে অগ্রাধিকার দিয়ে নগরীকে স্মার্ট সিটিতে রূপান্তরের আলোকে আলোকায়নের কর্মপরিকল্পনা গ্রহণ ও দ্রুত বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। এ কর্মপরিকল্পনা অনুযায়ী নগরীর অলি-গলি ও সড়কগুলো সন্ধ্যার পর থেকে পরবর্তীদিন সকাল পর্যন্ত সার্বক্ষণিক আলোকিত থাকবে। সার্বক্ষণিক আলোকিত রাখার মূল দায়িত্ব পিডিবির, সড়কের আলোকায়নে যাতে কোন ধরণের বিঘ্ন সৃষ্টি না হয় সেজন্য তাদেরকে সজাগ ও সচেষ্ট থাকার জন্য মেয়র আহ্বান জানান। সেন্ট্রাল মনিটরিং সিস্টেমের মাধ্যমে অন/অফ করার পাশাপাশি সড়কের বাতি ঠিকভাবে জ্বলছে কিনা তা পরিদর্শনের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্তদের নির্দেশনা প্রদান করেন।

# অমর একুশে বইমেলার উদ্বোধন ২০ফেব্রুয়ারি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত এম.এ আজিজ স্টেডিয়াম সংলগ্ন মাঠে অনুষ্ঠিতব্য অমর একুশে বইমেলা অনিবার্য কারণবশত ১৭ফেব্রুয়ারির পরিবর্তে ২০ফেব্রুয়ারি রোববার বিকেলে উদ্বোধন করা হবে। এ উপলক্ষে আজ মঙ্গলবার বিকেলে টাইগারপাসস্থ অস্থায়ী নগর ভবনের সম্মেলন কক্ষে বইমেলা কমিটির প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী।

শিক্ষা স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু'র সভাপতিত্বে এতে উপস্থিত ছিলেন প্যানেল মেয়র আবদুস সবুর লিটন, কবি ও সাংবাদিক ওমর কায়সার, বিশ্বজিৎ চৌধুরী, মুক্তিযোদ্ধা দেওয়ান মাকসুদ আহমেদ, সৃজনশীল প্রকাশনা পরিষদের সভাপতি মহিউদ্দিন শাহ আলম নিপু, বলাকা প্রকাশনীর স্বত্বাধিকারী জামাল উদ্দিন, চট্টগ্রাম শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইফুল আলম বাবু, কবি কামরুল হাসান বাদল, শামসুদ্দিন শিশির, সাংবাদিক শুকলাল দাশ, আইয়ুব সৈয়দ, মো. জহির, ইউসুফ মাহমুদ, শিশু সাহিত্যিক আ ফ ম মোদাচ্ছের আলী, পিনাকী দাশ, শিল্পী দীপক কুমার দত্ত, আরিফ রায়হান, নজরুল ইসলাম মোস্তাফিজ, কর্পোরেশনের উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু।

এবারের বইমেলায় রবীন্দ্র উৎসব, বিদ্রোহী কবিতার শতবর্ষ উদযাপন, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন ও ৭মার্চ'র ঐতিহাসিক ভাষণের উপর আলোচনা সভা, শিশু-তারুণ্য-নারী উৎসব অনুষ্ঠিত হবে। মেলায় দেশবরেণ্য বুদ্ধিজীবী, সাহিত্যিক, কবি ও শিল্পীরা আলোচনায় অংশগ্রহণ করবেন।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, কোভিড পরিস্থিতির কারণে গতবছর সবরকম প্রস্তুতি থাকা স্বত্বেও বইমেলা করা যায়নি। তবে এবার পাঠক, প্রকাশক, কবি, সাহিত্যিকদের আগ্রহের কারণে বইমেলা আয়োজন করতে যাচ্ছি। আশাকরি স্বাস্থ্যবিধি মেনে সুরক্ষা নিয়ে সকলের অংশগ্রহণে এবারো ঐতিহ্যের বইমেলা সফল হবে। তিনি বলেন, আমরাও প্রমাণ করতে চাই ঢাকার ন্যায় চট্টগ্রামেও জাঁকজমকভাবে সফল বইমেলা আয়োজনে সক্ষম। আশাকরি আমাদের উদ্যোগে সকলে সাড়া দিবেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

# অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাবার বিক্রি করায় ৪টি রেষ্টুরেন্টকে প্রায় ২লক্ষ টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাবার বিক্রয় করার জন্য মামলা রুজু পূর্বক নগরীর চকবাজারের কুটুমবাড়ী রেস্টুরেন্টকে ৭০ হাজার টাকা, চট্টগ্রাম মেডিকেলের পূর্ব গেইটের কেনটাকী রেস্টুরেন্টকে ৪০ হাজার টাকা, ঝাল বিতানকে ২৫ হাজার টাকা, চমেক ৩য় শ্রেণীর স্টাফ ক্যান্টিনকে ৪৫ হাজার টাকা ও ডিলাক্স বেকারীকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। একই অভিযানে নির্দেশনা সত্তেও বাংলায় সাইনবোর্ড না লেখায় পাঁচলাইশ আবাসিক এলাকার ইউনি কেয়ার হেলথ সেন্টারকে ৫হাজার টাকা এবং রাস্তা ও ফুটপাত দখল করে ব্যবসা করার দায়ে ৪ দোকানদেরকে ৪হাজার টাকা সহ সর্বমোট ১ লক্ষ ৯৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩